ইসলামিক ফাউন্ডেশন

রাজশাহী বিভাগীয় কার্যালয়

২৭৩ শালবাগান, সপুরা, রাজশাহী

স্মারক নং ঃ ১৬.০১৮১০০.০২১.০৯.০০২.৯৭.১৮৮ তারিখ ঃ ৩১/১০/২০১৯ খ্রিঃ

বরাবর

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ মুহতামীম/সুপার

প্রাচ্য ল্যাবরেটরী হাই স্কুল বিদ্যালয়/মাদ্রাসা/ একাডেমী

রাজশাহী ।

বিষয় ঃ ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) ১৪৪১ হিজরী উদযাপন উপলক্ষে ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য প্রতিযোগী (ছাত্র-ছাত্রী) পেরণের অনুরোধ প্রসংগে।

জনাব

আস্‌সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামিক ফাউন্ডেশন রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী(সাঃ) ১৪৪১ হিজরী উদযাপন উপলক্ষে আগামী ১৩ নভেম্বর ২০১৯ তারিখ সকাল ১০.০০ টায় ইসলামিক ফাউন্ডেশন নিজস্ব মিলনায়তনে ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতা অনুষ্ঠানে আপনার প্রতিষ্ঠানের আগ্রহী শিক্ষার্থীদের প্রেরণ করার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো ।

প্রতিযোগিতার বিষয় সমূহঃ (১) কিরআত (২) হামদ-নাত ইসলামী গান (৩) কবিতা আবৃত্তি (৪) রচনা প্রতিযোগিতা।

অনুষ্ঠানের নিয়মাবলী ঃ

০১। পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ) ১৪৪১ হিজরী উদযাপন উপলক্ষে আগামী ১৩ নভেম্বর ২০১৯ ইং তারিখে আয়োজিত ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগীতা অনুষ্ঠান এ প্রথম শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত ছাত্র ছাত্রী অংশ গ্রহণ করতে পারবেন।

০২। প্রতিযোগিতার বিষয় (১)কিরআত সুরা নসর (২) হামদ-নাত ইসলামী গান(পছন্দ মত) (৩) কবিতা আবৃত্তি- কবি গোলাম মোস্তফা রচিত, প্রার্থনা এবং(৪) রচনা- হযরত মুহাম্মদ (সাঃ) এর বাল্যকাল।

০৩। প্রতিযোগিতায় অংশ গ্রহনেচ্ছু শিক্ষার্থীদের নাম , পিতা-মাতার নাম, শ্রেণী সহ গ্রুপ ভিত্তিক তালিকা প্রতিযোগিতা অনুষ্ঠিত হওয়ার নূন্যতম ১ দিন পূর্বে ইসলামিক ফাউন্ডেশন রাজশাহী বিভাগীয় কার্যালয়ে পৌছাতে হবে ।

০৪। প্রত্যেক গ্রুপের ১ম,২য়, ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কার ও সনদ প্রদান করা হবে।

০৫। একজন প্রতিযোগী ৪ টি বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে ।

০৬। রচনা প্রতিযোগিতা স্থলে বসে লিখতে হবে।

এ প্রতিযোগিতা বাস্তবায়নে আপনার সার্বিক সহযোগিতা প্রত্যাশা করি ।

৩১/১০/১৯

(মো. হাবেজ আহমেদ)
পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
রাজশাহী বিভাগীয় কার্যালয়
ফোন নং ০৭২১-৭৬০৯০৭
তারিখ ঃ ৩১/১০/২০১৯খ্রি.

স্মারক নং ঃ ১৬.০১৮১০০.০২১.০৯.০০২.৯৭.

অনুলিপি ঃ সদয় অবগতির জন

১। জেলা প্রশাসক, রাজশাহী ।

২। সংশ্লিষ্ট নথি ।

(মো. হাবেজ আহমেদ)
পরিচালক